বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০
web: www.btrc.gov.bd

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১১.০০১.১৭. ২৫৭

তারিখঃ ২৮/০১/২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নিম্নবর্ণিত শুন্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত আবেদন ফর্মে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রঃ নংঃ	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে
১.	সহকারী পরিচালক (আইন)	গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০	০২ (দুই)	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর এলএলএম এবং আইন পেশার সনদধারী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। (৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরগুনা, পটুয়াখালি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ
২.	উপ সহকারী পরিচালক (অর্থ ও রাজস্ব)	গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০	০৩ (তিন)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব-বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	ঢাকা, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, ফেনী, লক্ষীপুর, সিরাজগঞ্জ, চাপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঝিনাইদহ, ভোলা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ
৩.	উপ-সহকারী পরিচালক (কারিগরি)	গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০	১৩ (তের)	(১) কোন স্বীকৃত কারিগরী বোর্ড হতে টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক/কম্পিউটার প্রযুক্তি বিষয়ে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	
৪.	ব্যক্তিগত সহকারী	গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০	০২ (দুই)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।	ঢাকা, মুন্সিগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, বগুড়া, বাগেরহাট, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ

ক্রঃ নংঃ	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে
				(৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	
৫.	আইটি/নিরাপত্তা সহকারী	গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০	০১ (এক)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। **কম্পিউটার হার্ডওয়্যার ট্রাবলস্যুটিং এ অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**	
৬.	হিসাবরক্ষক	গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০	০১ (এক)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	
৭.	ড্রাইভার	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০	০৪ (চার)	(১) ৮ম শ্রেণী পাস (কমন ক্যাটাগরীর পদ) (২) গাড়ী চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে; (৩) হালকা গাড়ী/ভারী গাড়ী চালনায় কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।	ঢাকা, গাজীপুর, নরসিংদী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, জয়পুরহাট, বগুড়া, নীলফামারী, পঞ্চগড়, যশোর, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ
৮.	অফিস সহায়ক	গ্রেড-২০ ৮২৫০-২০০১০	০৪ (চার)	অন্যূন ৮ম শ্রেণী পাস।	

শর্তাবলীঃ

১.	নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি ও কোটা অনুসরণ করা হবে।
২.	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার (এসএসসি)/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
৩.	পরীক্ষার ফি বাবদ "বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)" এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফটের মূল কপি (অফেরতযোগ্য) আবেদন পত্রের হার্ড কপির সাথে জমা দিতে হবে।
৪.	আবেদনপত্র www.btrc.gov.bd এ অবস্থিত নির্দেশনা ও নির্ধারিত ফরম এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে বাংলায় (Unicode) পূরণ করে দাখিল (submit) করতে হবে। আবেদন পত্রের Printed কপিতে নির্ধারিত স্থানে অবশ্যই আবেদনকারীর

	স্বাক্ষর প্রদান করতে হবে। একইসাথে অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের হার্ডকপি (Printed) এর সাথে ব্যাংক ড্রাফট ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি রঙ্গিন ছবি সংযুক্ত করে আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে।
৫.	আবেদনকারীর বয়স আগামী ২৮ ফেব্রুয়ারি/২০১৮ তারিখে ১৮-৩০ বছর এর মধ্যে হতে হবে। কেবলমাত্র মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র-কন্যাদের এবং শারিরীক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। তবে উপ-সহকারী পরিচালক (অর্থ ও রাজস্ব) এ আবেদনকারী বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
৬.	খামের উপর বামদিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
৭.	কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৮.	চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৯.	আবেদনপত্র বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে।
১০.	মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। ৮ম শ্রেণীর পাসের ক্ষেত্রে জেএসসি/সমমানের সার্টিফিকেট/সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সত্যায়নপূর্বক জমা দিতে হবে।
১১.	আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১২.	অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১৩.	লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৪.	কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ দেলোয়ার হোসাইন)
মহাপরিচালক (প্রশাসন),
বিটিআরসি।